দৈনিক বাংলা

তারিখ 11 MAR 1989
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ১ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

030

দৈনিক বাংলা

ঢাকা : শনিবার, ২৭শে ফাল্গুন, ১৩৯৫ : ১১ই মার্চ, ১৯৮৯

# নতুন বিশ্ববিদ্যালয়

খুলনায় নতুন একটি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন আমাদের শিক্ষার ক্ষেত্রে বিশাল পদক্ষেপ হিসাবে চিহ্নিত হয়ে থাকবে। এ বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে প্রেসিডেন্ট এরশাদ বলেছেন, এই স্থান থেকে শিক্ষা ও সমাজ জীবনে যে অভিযাত্রা শুরু হচ্ছে তা আগামী দিনগুলিতে জাতিকে নবদিগন্তের সন্ধান দেবে।

খুলনায় নতুন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করায় প্রেসিডেন্ট এরশাদকে আমরা আন্তরিক মোবারকবাদ জানাই। প্রেসিডেন্ট এরশাদ নিজেকে জাতির সামনে একজন বলিষ্ঠ নির্মাতা হিসাবে প্রতিষ্ঠিত করেছেন। তাঁর শাসনামলে নির্মিত হয়েছে এবং হচ্ছে নতুন নতুন সেতু, বিমান বন্দর, রাস্তাঘাট, স্কুল কলেজ, প্রশাসনিক ভবন, গুচ্ছ গ্রাম হাসপাতাল, পল্লী চিকিৎসা কেন্দ্র ইত্যাদি। তিনি যে সব বিশাল প্রকল্পে হাত দিয়েছেন সে সব প্রকল্প যথাসময়ে বাস্তবায়িতও হয়েছে। এ কারণেই আমরা এ দৃঢ় আশা পোষণ করি যে খুলনায় শিগগিরই একটি নতুন বিশ্ববিদ্যালয় মাথা তুলবে এবং উচ্চশিক্ষার নবদিগন্ত উন্মোচিত হবে।

খুলনা এলাকায় একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবী দীর্ঘদিনের। প্রেসিডেন্ট এরশাদ জনগণের সে আশা-আকাঙ্ক্ষা পূরণের সুনির্দিষ্ট পদক্ষেপ নিয়েছেন। এ বিশ্ববিদ্যালয়ের কাজ যখন সমাপ্ত হবে তখন উচ্চ শিক্ষার সুযোগ যেমন সম্প্রসারিত হবে, সুযোগের বিকেন্দ্রীকরণও ঘটবে। বিকেন্দ্রীকরণ ছাড়া দেশের সকল মানুষের জন্যে সুষম সুযোগ সৃষ্টি করা সম্ভব নয়। এ প্রসঙ্গে উল্লেখ্য, উপজেলা ব্যবস্থা প্রবর্তনের ফলে আমাদের পল্লী অঞ্চলে প্রশাসনিক সুযোগ-সুবিধা যেমন সম্প্রসারিত হয়েছে তেমনি উন্নয়নের কার্যকর অবকাঠামোও তৈরি হয়েছে।

খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করতে গিয়ে প্রেসিডেন্ট এরশাদ বলেছেন, আজ আমরা এখানে মানুষের মিলনস্থলও প্রতিষ্ঠা করেছি। বিশ্ববিদ্যালয় প্রকৃত অর্থেই মানবাত্মার মিলনস্থল। পৃথিবীতে এক একটি বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে গড়ে উঠছে নতুন সভ্যতা নতুন সংস্কৃতি। বিশ্ববিদ্যালয়ে প্রজ্বলিত জ্ঞানের শিখা মানবজীবনকে আলোকিত করে তোলে। আমাদের বিশ্ববিদ্যালয়গুলিকেও এ মহৎ লক্ষ্য অর্জনে কাজ করে যেতে হবে।

দুঃখের বিষয়, আমাদের দেশের বিশ্ববিদ্যালয়গুলিতে সবসময় শিক্ষার অনুকূল পরিবেশ বিরাজ করে না। অবাঞ্ছিত হানাহানি, অনিয়ম, সেশনজট ইত্যাদির আবর্তে পড়ে শিক্ষা বিপর্যস্ত হয়, বিশ্ববিদ্যালয়ের মহৎ লক্ষ্য হারিয়ে যায়। দেশে একটি নতুন বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপনে আমরা আনন্দিত। সেই সঙ্গে পুরনো বিশ্ববিদ্যালয়গুলিতে শিক্ষার অনুকূল পরিবেশ প্রতিষ্ঠিত হবে বলেও আমরা আশা করি।